# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৪

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ ঈমানের ফরয

## بَابُ فَرْضِ الْإِيمَانِ

---

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّادٍ قَالَ: حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ سَعِيدٍ الْمَقْبُرِيِّ عَنْ شَرِيكِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي نَمِرٍ أَنَّهُ سَمِعَ أَنَسَ بْنَ مَالِكٍ يَقُولُ: بَيْنَا نَحْنُ جُلُوسٌ فِي الْمَسْجِدِ دَخَلَ رَجُلٌ عَلَى جَمَلٍ فَأَنَاخَهُ فِي الْمَسْجِدِ ثُمَّ عَقَلَهُ ثُمَّ قَالَ لَهُمْ: أَيُّكُمْ مُحَمَّدٌ؟ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم متكىء بَيْنَ ظَهْرَانَيْهِمْ قَالَ: فَقُلْنَا لَهُ: هَذَا الْأَبْيَضُ المتكىء فقال له الرجل: يا ابْنَ عَبْدِ الْمُطَّلِبِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (قَدْ أَجَبْتُكَ) فَقَالَ الرَّجُلُ: يَا مُحَمَّدُ إِنِّي سَائِلُكَ فَمُشْتَدٌّ عَلَيْكَ فِي الْمَسْأَلَةِ فَلَا تَجِدَنَّ عَلَيَّ فِي نَفْسِكَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (سَلْ مَا بَدَا لَكَ) فَقَالَ الرَّجُلُ: نَشَدْتُكَ بِرَبِّكَ وَرَبِّ مَنْ قَبْلَكَ آللَّهُ أَرْسَلَكَ إِلَى النَّاسِ كُلِّهِمْ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اللَّهُمَّ نَعَمْ) قَالَ: فَأَنْشُدُكَ اللَّهَ: آللَّهُ أَمَرَكَ أَنْ نُصَلِّيَ الصَّلَوَاتِ الْخَمْسَ فِي الْيَوْمِ وَاللَّيْلَةِ؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اللَّهُمَّ نَعَمْ) قَالَ: فَأَنْشُدُكَ اللَّهَ: آللَّهُ أَمَرَكَ أَنَ نَصُومَ هَذَا الشَّهْرَ مِنَ السَّنَةِ؟ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اللَّهُمَّ نَعَمْ) قَالَ: فَأَنْشُدُكَ اللَّهَ: آللَّهُ أَمَرَكَ أَنْ تَأْخُذَ هَذِهِ الصَّدَقَةَ مِنْ أَغْنِيَائِنَا فَتَقْسِمَهَا عَلَى فُقَرَائِنَا؟ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (اللَّهُمَّ نَعَمْ) فَقَالَ الرَّجُلُ: آمَنْتُ بِمَا جِئْتَ بِهِ وَأَنَا رَسُولُ مَنْ وَرَائِي مِنْ قَوْمِي وَأَنَا ضِمَامُ بْنُ ثَعْلَبَةَ ـ أخو بني سعد بن بكر ـ.

الراوي : أَنَس بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 154 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৫৪. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, একবার আমরা মসজিদে বসে ছিলাম, এমন সময় এক ব্যক্তি উটের উপর আরোহন করে আসলেন অতঃপর মাসজিদে উট বসালেন এবং উট বেঁধে রাখলেন, তারপর সাহাবীদের বললেন: 'আপনাদের মাঝে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে?' এসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁদের মাঝে হেলান দিয়ে বসা ছিলেন। রাবী বলেন: আমরা তাকে বললাম: এই যে হেলান দেওয়া ফর্সা ব্যক্তি। তখন সে ব্যক্তি তাঁকে বললেন: 'হে আব্দুল মুত্তালিবের ছেলে।' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বললেন: 'ঠিক আছে, আমি আপনার কথা শুনছি (বলুন)।' তিনি বললেন: 'হে মুহাম্মাদ, আমি আপনাকে কিছু প্রশ্ন করবো এবং প্রশ্ন করার ক্ষেত্রে কিছুটা কঠোরতা আরোপ করবো, এতে আপনি মনে কোন কষ্ট নিবেন না।' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'আপনার মনে যা চায়, আপনি পশ্ন করুন।'

অতঃপর ব্যক্তিটি বললেন: 'আপনার প্রতিপালক এবং আপনার পূর্ববর্তীদের প্রতিপালকের শপথ দিয়ে বলছি, আল্লাহই কি আপনাকে সমস্ত মানুষের কাছে রাসূল করে পাঠিয়েছেন?' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'আল্লাহর কসম, হ্যাঁ।' তিনি বললেন: 'আমি আপনাকে আল্লাহর শপথ দিয়ে জিজ্ঞেস করছি, আল্লাহই কি আদেশ করেছেন আমাদেরকে দিনে-রাতে পাঁচ ওয়াক্ত সালাত আদায় করতে?' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'আল্লাহর কসম, হ্যাঁ।' তিনি বললেন: 'আমি আপনাকে আল্লাহর শপথ দিয়ে জিজ্ঞেস করছি, আল্লাহই কি আদেশ করেছেন আমাদেরকে বছরের এই মাসে সিয়াম রাখতে?' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'আল্লাহর কসম, হ্যাঁ।' তিনি বললেন: 'আমি আপনাকে আল্লাহর শপথ দিয়ে জিজ্ঞেস করছি, আল্লাহই কি আদেশ করেছেন যে আপনি আমাদের ধনীদের থেকে যাকাত গ্রহন করবেন অতঃপর তা আমাদের গরীবদের মাঝে বন্টন করে দিবেন?' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'আল্লাহর কসম, হ্যাঁ।' অতঃপর সেই লোকটি বললেন: 'আপনি যে শারী'আত নিয়ে এসেছেন, আমি তার প্রতি ঈমান আনয়ন করলাম, আমি আমার পশ্চাতের লোকদের জন্য বার্তাবাহক। আর আমি বানু সা'দ বিন বকর গোত্রের যিমাম বিন সা'লাবাহ (রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু)।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬৩; আবু দাউদ: ৪৮৬; নাসাঈ: ৪/১২২-১২৩; ইবনু মাজাহ: ১৪০২; মুসনাদ আহমাদ: ৩/১৬৮; ইবনু মানদাহ: ১৩০; ইমাম বাগাবী, শারহুস সুন্নাহ: ৩।
হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫০৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88363

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন